

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালকের কার্যালয়  
বীজ প্রত্যয়ন এজেন্সী  
গাজীপুর-১৭০১  
[www.sca.gov.bd](http://www.sca.gov.bd)

স্মারক নং : ১২.৮০৫.০৩৫.২৯.০০.০৭৩.২০১৫-১৮৭৩

তারিখ : ২২/০৯/২০১৯ খ্রি:।

বিষয় : বীজ প্রত্যয়ন এজেন্সি গাজীপুরের জাতীয় শুদ্ধাচার সম্পর্কিত উত্তম চর্চার তালিকা ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানান যাচ্ছে যে, বীজ প্রত্যয়ন এজেন্সির ২০১৯-২০ অর্থ বছরে নিম্নবর্ণিত জাতীয় শুদ্ধাচার সম্পর্কিত উত্তম চর্চা সমূহ তালিকা ভুক্ত করা হয়েছে ।


- ১। বীজ প্রত্যয়ন এজেন্সির সদর দপ্তরে অফিস ও আবাসিক ভবন সমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য পরিবেশ কমিটি গঠন ও পরিচ্ছন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে ।
- ২। অফিস ও ডরমেটরী ভবনে বিশুদ্ধ পানির জন্য ৩টি পানির ফিল্টার স্থাপন করা হয়েছে ।
- ৩। কর্মচারীদের অফিসে সময়মত উপস্থিতি ও প্রত্যাবর্তন নিশ্চিতের জন্য ডিজিটাল হাজিরা ব্যবস্থা চালু করা হয়েছে ।
- ৪। ডেংগু মশার বিস্তার নিয়ন্ত্রণের জন্য ছাদে পানির ট্যাংকির নিচে এবং নর্দমাসমূহে পানি না জমার জন্য পদক্ষেপ গৃহীত হয়েছে ।
- ৫। প্রতি মাসে মাসিক সমন্বয় সভা নিয়মিত ভাবে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।
- ৬। অফিস চত্বর ও নর্দমাসমূহে মশক নিধনের জন্য স্প্রে করা হয়েছে ।
- ৭। রাত্রিবেলায় নিরাপত্তা নিশ্চিত করনে পাহাড়া জোরদার করা হয়েছে। অফিস চত্বর ও ডরমেটরিতে সিসি টিভি চালু কর হয়েছে ।
- ৮। কেন্দ্রীয় বীজ পরীক্ষাগারের ফেস বুক পেজ খোলা হয়েছে । এই পেজে বীজ পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন সমস্যাবলী নিয়ে মতামত ও পোস্ট প্রদানের কার্যক্রম চলমান রয়েছে ।
- ৯। বীজ প্রত্যয়ন কার্যক্রম জোরদারকরণ প্রকল্পের মাধ্যমে বীজমান নিয়ন্ত্রণ শীর্ষক প্রশিক্ষণ, বীজ পরীক্ষাগার স্থাপন ও জেলা অফিস নির্মাণের টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে ।
- ১০। ডরমেটরী ভবনের ভাড়া প্রদানের ক্ষেত্রে রশিদ মূদ্রণের ব্যবস্থা নেয়া হয়েছে ।
- ১১। বীজ প্রত্যয়ন ট্যাগ সময়মত বিভিন্ন জেলায় সরবরাহের কার্যক্রম চলমান রয়েছে ।
- ১২। পানি ও বিদ্যুৎ অপচয় রোধে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে স্টিকার লাগানো হয়েছে ।

সচিব  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা-১০০০।

(দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব, মনিটরিং ও রিপোর্টিং শাখা, কৃষি মন্ত্রণালয়)

অনুলিপি :

- ১। অতিরিক্ত উপ-পরিচালক (মাঠ প্রশাসন: পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর। আপনাকে পত্রটি জাতীয় শুদ্ধাচার বক্সে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।



(কিংকর চন্দ্র দাস)

পরিচালক

ফোন : ৪৯২৬৩৫১২

[dir.sca.gov.bd@gmail.com](mailto:dir.sca.gov.bd@gmail.com)

